

উত্তরপত্র/ লেকচার -১ (৮.৭.২০)

ক) এক লাইনে উত্তর দাও।

১. পাখির কলরবের ফলে কী হয়?

উত্তর: পাখির কলরবের ফলে রাত পোহায়।

২. কোথায় কুসুমকলি ফোটে?

উত্তর: কাননে কুসুমকলি ফোটে।

৩. কখন পাখি ডাকে?

উত্তর: ভোর বেলা পাখি ডাকে।

৪. পাখির ডাকে মানুষের কী হয়?

উত্তর: পাখির ডাকে মানুষের ঘুম ভাঙ্গে।

৫. পাখিদের কী বলা হয়? কোন কোন পাখি সাম্য দেখেছে?

উত্তর: পাখিদের ভোরের দূত বলা হয়। চডুই শালিক এরকম দু-একটা পাখি সাম্য দেখেছে।

৬. ভোর না হতেই পাখির কী শুরু হয়?

উত্তর: ভোর না হতেই পাখির কিচিরমিচির শুরু হয়।

৭. বাংলাদেশ কিসের দেশ?

উত্তর: বাংলাদেশ পাখির দেশ, নদীর দেশ।

৮. পাখিরা প্রকৃতির কী?

উত্তর: পাখিরা প্রকৃতির শোভা।

৯. পাখিদের বিচরণ কোথায়?

উত্তর: গাছে গাছে, ঝোঁপে ঝাড়ে পাখিদের বিচরণ।

১০. পাখিরা পোকামাকড়ের ওপর ঝাঁপিয়ে পড়ে কেন?

উত্তর: পাখিরা খাবারের জন্য পোকামাকড়ের ওপর ঝাঁপিয়ে পড়ে।

১১. কোনটি আমাদের জাতীয় পাখি?

উত্তর: দোয়েল আমাদের জাতীয় পাখি।

১২. দোয়েল এর গায়ে রং কী?

উত্তর: সাদা-কালো দোয়েল এর গায়ে রং।

Class: চতুর্থ শ্রেণি

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)

Subject: বাংলা ১ম

Topic: পাখির জগৎ

১. দোয়েল পাখি কোথায় থাকে?

উত্তর: দোয়েল পাখি লোকালয়ে আর অগভীর জঙ্গলে থাকে।

২. দোয়েল কীভাবে গান করে?

উত্তর: দোয়েল গাছের উঁচু ডালে বসে মধুর সুরে গান করে।

৩. দোয়েল কীভাবে বাসা তৈরি করে?

উত্তর: ছোট ডাল, খড়কুটো ও শিকড়-বাকড় দিয়ে দোয়েল পাখি বাসা তৈরি করে।

৪. দোয়েল পাখির প্রধান খাদ্য কী?

উত্তর: নানা ফুলের মধু ও কীটপতঙ্গ দোয়েল পাখির প্রধান খাদ্য।

খ) শব্দার্থ লিখ।

প্রদত্ত শব্দ	শব্দার্থ	প্রদত্ত শব্দ	শব্দার্থ
বিচরণ	বেড়ানো	নাশ	ধ্বংস/ নষ্ট
চমৎকার	সুন্দর	ঝুঁটি	খোপা
পরিবেশ	চারপাশের অবস্থা	দূত	বার্তাবাহক
লোকালয়	যেখানে লোকজনের বসবাস আছে	সখ্য	বন্ধুতা/ ভাব

গ) শব্দদিয়ে বাক্য তৈরি কর।

প্রদত্ত শব্দ	বাক্য রচনা
সূর্য	সূর্য পূর্ব দিকে ওঠে।
ভোর	নিজে করবেন
ঘুম	”
জিঞ্জি	”
বিচরণ	”
চমৎকার	”
পরিবেশ	”

উত্তরপত্র / লেকচার -২ (১১.৭.২০)

ক) এক লাইনে উত্তর লিখ।

১৩. কোন পাখিকে ঘরের সদস্যের সাথে তুলনা করা হয়েছে?

উত্তর: চড়াই পাখিকে ঘরের সদস্যের সাথে তুলনা করা হয়েছে।

১৪. কোথায় চড়ুয়ের প্রিয় জায়গা?

উত্তর: লোকালয় চড়ুয়ের প্রিয় জায়গা।

১৫. চড়াই কোথায় বাসা তৈরি করে?

উত্তর: মানুষের বাসাবাড়ির ঘুলঘুলিতে চড়াই বাসা তৈরি করে।

১৬. চড়াই পাখি কিভাবে বাসা বানায়?

উত্তর: চড়াই পাখি টুকরো কাপড়, শুকনো ঘাস এবং খড় দিয়ে বাসা বানায়।

১৭. চড়াই পাখির মাথার রং কী?

উত্তর: চড়াই পাখির মাথা ছাই রং এর।

১৮. চড়াইয়ের পালক দেখতে কেমন?

উত্তর: চড়াইয়ের পালক দেখতে বাদামি রং এর।

১৯. চড়াইয়ের পিঠে কেমন দাগ দেখা যায়?

উত্তর: চড়াইয়ের পিঠে কালো ছোট ছোট দাগ দেখা যায়।

২০. চড়াই পাখির ডানায় কেমন রেখা থাকে?

উত্তর: চড়াই পাখির ডানায় সাদা অথবা লালচে রেখা থাকে।

২১. চড়াই পাখির প্রিয় খাদ্য কী?

উত্তর: শস্যদানা চড়াই পাখির প্রিয় খাদ্য।

২২. চড়াই কিভাবে ফসলের উপকার করে?

উত্তর: কীটপতঙ্গ খেয়ে চড়াই ফসলের উপকার করে।

২৩. টুনটুনি পাখি আকারে কেমন?

উত্তর: টুনটুনি পাখি আকাণ্ড ছোট।

২৪. টুনটুনি পালকের রং কী?

উত্তর: টুনটুনি পালকের রং জলপাই সবুজ।

২৫. টুনটুনি পাখির কোথায় এবং কী ধরনের ছোপ থাকে?

উত্তর: টুনটুনি পাখির মাথায় এবং লালচে ধরনের ছোপ থাকে।

২৬. টুনটুনি ঠোঁট দেখতে কেমন?

উত্তর: টুনটুনি ঠোঁট দেখতে লম্বাটে।

Class: চতুর্থ শ্রেণি

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)

Subject: বাংলা ১ম

Topic: পাখির জগৎ

২৭. টুনটুনি কেমন শব্দ করে ঘুরে বেড়ায়?

উত্তর: টুনটুনি টুই টুই শব্দ করে ঘুরে বেড়ায়।

২৮. কোন পাখি মানুষের কাছাকাছি থাকতে ভালোবাসে?

উত্তর: টুনটুনি পাখি মানুষের কাছাকাছি থাকতে ভালোবাসে।

২৯. টুনটুনি পাখির প্রিয় খাদ্য কী?

উত্তর: টুনটুনি পাখির প্রিয় খাদ্য হলো ফুলের মধু।

খ) যুক্তবর্ণ লিখ।

যুক্তবর্ণ	বর্ণ বিভাজন	দুটি শব্দ তৈরি কর	একটি করে বাক্য তৈরি কর
ন্দ	ন+দ	সুন্দর, বন্দর	নিজেরা বাক্য তৈরি করবেন
ঞ্জ	ঞ+জ	গুঞ্জন, ব্যঞ্জন	"
ম্ব	ম+ব	সম্বল, কম্বল	"
ক্ত	ক+ত	রক্ত, ভক্ত	"
চ্ছ	চ+ছ	ইচ্ছা, আচ্ছা	"
ন্ত	ন+ত	অন্তর, কিস্ত	"
ব্দ	ব+দ	শব্দ, শব্দার্থ	"
স্ব	স+ব	স্বাধীন, স্বপ্ন	"
শ্য	শ+্য(য-ফলা	শ্যামল, শ্যামা	"
ব্ধ	ব+ধ	বন্ধু, অন্ধ	"
ফ্ফ	ক+ষ+ন	তীক্ষ্ণ, সুতীক্ষ্ণ	"

গ) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর লিখ।

১. কোন পাখি আমাদের ঘরেরই কেউ এবং কেন?

উত্তর: চডুই আমাদের ঘরেরই কেউ। কেননা এরা লোকালয়ে থাকে এবং সাধারণত মানুষের বাসাবাড়িতে এরা বাসা বানায়। যেন পরিবারের অন্যান্য সদস্যের মতো সেও একজন সদস্য হয়ে ওঠে।

২. কোন পাখি আমাদের পরিবেশ সুন্দর রাখতে সাহায্য করে এবং কীভাবে?

উত্তর: টুনটুনি পাখি আমাদের পরিবেশ সুন্দর রাখতে সাহায্য করে। কারণ টুনটুনি পাখি পরিবেশের জন্য

অনেক ক্ষতিকর পোকামাকড় খেয়ে ফেলে।

৩. পাখিদের কেন ভোরের দূত বলা হয়?

উত্তর: পাখিদের ভোরের দূত বলা হয়। মানুষের ঘুম ভাঙ্গার আগেই ভোর হতেই পাখিরা জেগে ওঠে এবং কিচিরমিচির করা শুরু করে দেয়। যেন মানুষের কাছে ভোর হওয়ার বার্তাটি পৌঁছে দিচ্ছে। তাই পাখিদের ভোরের দূত বলা হয়।

উত্তরপত্র/ লেকচার -৩ (১৩.৭.২০)**ক) এক বাক্যে উত্তর লেখ।**

৩০. বুলবুলি কোন পাখির মত চঞ্চল?

উত্তর: বুলবুলি চড়ুই পাখির মত চঞ্চল।

৩১. বুলবুলি কেমন স্বভাবের পাখি?

উত্তর: বুলবুলি চঞ্চল স্বভাবের পাখি।

৩২. বুলবুলি পাখির মাথার উপর কী থাকে?

উত্তর: বুলবুলি পাখির মাথার উপর রাজকীয় ঝুঁটি থাকে।

৩৩. কোন পাখি দ্রুত উড়তে পারে?

উত্তর: বুলবুলি পাখি দ্রুত উড়তে পারে।

৩৪. পানকৌড়ি পাখির কার সঙ্গে সখ্যতা থাকে?

উত্তর: পানকৌড়ি পাখির পানির সঙ্গে সখ্যতা থাকে।

৩৫. পানকৌড়ি কোথায় বিচরণ করে?

উত্তর: পানকৌড়ি পুকুর, খাল, বিলে বিচরণ করে।

৩৬. পানকৌড়ি পাখির প্রধান বৈশিষ্ট্য কী?

উত্তর: পানকৌড়ি পাখির প্রধান বৈশিষ্ট্য হলো- এরা পানিতে ডুব দিয়ে ৩ মিটার পর্যন্ত সাঁতারাতে পারে।

৩৭. পানকৌড়ি সাঁতার কেটে কতদূর যেতে পারে?

উত্তর: পানকৌড়ি সাঁতার কেটে ৩ মিটার পর্যন্ত যেতে পারে।

৩৮. পানকৌড়ি পাখির পা কে কিসের সঙ্গে তুলনা করা হয়েছে?

উত্তর: পানকৌড়ি পাখির পা কে হাঁসের পায়ের সঙ্গে তুলনা করা হয়েছে।

৩৯. পানকৌড়ি কী খেতে ভালোবাসে?

উত্তর: পানকৌড়ি জলজ কীটপতঙ্গ খেতে ভালোবাসে।

৪০. পাখির কার বন্ধু?

উত্তর: পাখির মানুষের বন্ধু।

৪১. পাখিদের প্রতি আমাদের কী করা উচিত?

উত্তর: পাখিদের প্রতি আমাদের ভালোবাসা রাখা উচিত।

৪২. পানকৌড়ি পাখির গায়ের রং কী এবং ঠোঁট কেমন?

উত্তর: পানকৌড়ি পাখির গায়ের রং কুচকুচে কালো এবং ঠোঁট তীক্ষ্ণ আর বাঁকানো।

খ) সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর লেখ।

১. গল্পটির উল্লেখযোগ্য ১০টি পাখির নাম লেখ।

উত্তর: শিক্ষার্থীরা নিজেরা লিখবে।

২. আমাদের দেশের প্রকৃতিক সৌন্দর্য বৃদ্ধিতে পাখিদের ভূমিকা লেখ।

উত্তর: পাখিরা পরিবেশেরই একটা অংশ এবং আমাদের দেশের প্রকৃতিক সৌন্দর্য বৃদ্ধিতে পাখিদের ভূমিকা অপরিসীম। পাখিদের নিজেদের সৌন্দর্যের কারণে যেমন প্রাকৃতিক সৌন্দর্য বৃদ্ধি পায় তেমনি পরিবেশের জন্য ক্ষতিকর পোকামাকড় এবং ময়লা আবর্জনা খেয়েও পাখিরা পরিবেশ সুন্দর রাখে।

গ) সঠিক শব্দ বসিয়ে নিচের শূন্যস্থানগুলো পূরণ কর।

১. চড়ুইয়ের মতো _____ চঞ্চল _____ আরেকটি পাখি বুলবুলি।
২. বুলবুলির মাথার উপর _____ রাজকীয় _____ কালো ঝুঁটি।
৩. বুলবুলির তলপেট _____ সাদা _____ রং এর।
৪. বুলবুলি খুব _____ দ্রুত উড়তে _____ পারে।
৫. পানকৌড়ি পাখি ডুব দিয়ে _____ ৩মিটার _____ পর্যন্ত সাঁতরাতে পারে।
৬. পানকৌড়ির পায়ের পাতা _____ হাঁসের মতো _____।
৭. পানকৌড়ির ঠোঁট _____ তীক্ষ্ণ _____ আর _____ বাঁকানো।
৮. পুকুর, খাল, বিল পানকৌড়ির _____ বিচরণক্ষেত্র _____।
৯. _____ পাখি _____ অনেক উপকারী।
১০. বুলবুলির _____ মাথা _____ ও _____ গলা _____ কালো।
১১. পাখি _____ পরিবেশ _____ সুন্দর রাখে।
১২. _____ ভোর _____ হলেই পাখি ডেকে ওঠে।
১৩. পাখিদের _____ ভোরের দূত _____ বলা হয়।
১৪. পাখিরা দল বেঁধে _____ আকাশে _____ উড়ে বেড়ায়।
১৫. দোয়েল আমাদের _____ জাতীয় _____ পাখি।
১৬. চড়ুই পাখি _____ লোকালয়ে _____ থাকতেই বেশি পছন্দ করে।
১৭. _____ চড়ুই _____ পাখিরা কীটপতঙ্গ খেয়ে ফসলের শত্রু নাশ করে।
১৮. টুনটুনি পাখি _____ চমৎকার _____ বাসা বানায়।

উত্তরপত্র -লেকচার -৪ (১৫.৭.২০)

ক) নিচের প্রশ্নগুলোর বর্ণনামূলক উত্তর দাও।

১. আমাদের জাতীয় পাখির নাম কী? পাখিটি সম্পর্কে পাঁচটি বাক্য লিখ।

উত্তরঃ আমাদের জাতীয় পাখির নাম দোয়েল। পাখিটি সম্পর্কে পাঁচটি বাক্য হলো-

এদের গায়ের রং সাদা-কালো। এরা থাকে লোকালয়ে আর অগভীর জঙ্গলে। গাছের উঁচু ডালে মাঝে মাঝে মধুর সুরে গান গায়। ছোট ডাল, খড়কুটো ও শিকড় বাকড় দিয়ে বাসা বানায়। নানা ফুলের মধু আর কীটপতঙ্গ এদের প্রধান খাদ্য।

২. পানির সাথে সখ্যতা যে পাখির সেই পাখিটির পাঁচটি বৈশিষ্ট্য লিখ।

উত্তরঃ পানির সঙ্গে যার সখ্য, সেই পাখিটির নাম পানকৌড়ি। পাখিটির পাঁচটি বৈশিষ্ট্য হলো-

* পুকুর, খাল ও বিল এদের প্রিয় বিচরণক্ষেত্র।

* কুচকুচে কালো এই পাখি।

* ডুব দিয়ে তিন মিটার পর্যন্ত সাঁতরাতে পারে।

* এদের পায়ের পাতা হাঁসের মতো।

* ঠোঁট তীক্ষ্ণ আর বাঁকানো।

* এরা জলজ কীটপতঙ্গ খেতে ভালবাসে।

৩. চড়ুই পাখি সম্পর্কে যা জান লিখ।

উত্তরঃ ছোট পাখি চড়ুই। চড়ুই আমাদের ঘরেরই কেউ। লোকালয় এদের প্রিয় জায়গা। বাসাবাড়ির ঘুলঘুলিতে খড়, টুকরো কাপড়, শুকনো ঘাস দিয়ে এরা বাসা তৈরি করে। এরা কীটপতঙ্গ খেয়ে ফসলের শত্রু নাশ করে। শস্যদানা এদের প্রিয় খাদ্য।

৪. কোন পাখির মাথায় রাজকীয় ঝুঁটি থাকে? পাখিটি সম্পর্কে যা জান লিখ।

উত্তরঃ বুলবুলি পাখির মাথায় রাজকীয় ঝুঁটি থাকে।

* চড়ুইয়ের মতো চঞ্চল স্বভাবের আরেকটি পাখি হলো বুলবুলি।

* বুলবুলির মাথা ও গলা কালো।

* মাথার উপর রাজকীয় কালো ঝুঁটি।

* এর তলপেট সাদা। তলপেটের শেষে লাল ছোপ।

* এরা খুব দ্রুত উড়তে পারে।

৫. টুই টুই শব্দ করা পাখিটির পাঁচটি বৈশিষ্ট্য লিখ।

উত্তরঃ টুই টুই শব্দ করে টুনটুনি পাখি। এরা লেজ নাড়িয়ে টুই টুই শব্দ করে উড়ে বেড়ায়। এরা মানুষের কাছাকাছি থাকতে ভালবাসে। চমৎকার বাসা বানায়। পোকামাকড় খেয়ে পরিবেশ সুন্দর রাখে। ফুলের মধুই টুনটুনি সবচেয়ে প্রিয়।

খ) সত্য মিথ্যা নির্ণয় কর।

১. পাখিদের ভোরের দূত বলা হয়।----- সত্য
২. গাছপালা প্রকৃতির শোভা।----- মিথ্যা
৩. টুনটুনি আমাদের জাতীয় পাখি।----- মিথ্যা
৪. চডুই আমাদের ঘরের কেউ।----- সত্য
৫. লোকালয় চডুইয়ের প্রিয় জায়গা।----- সত্য
৬. বাসাবাড়ির ঘুলঘুলিতে বুলবুলি বাসা করে।----- মিথ্যা
৭. বুলবুলি ফসলের শত্রু নাশ করে।----- মিথ্যা
৮. শস্যদানা চডুইয়ের প্রিয় খাদ্য।----- সত্য
৯. টুনটুনি পালকের রং জলপাই সবুজ।----- সত্য
১০. টুনটুনি মানুষের কাছাকাছি থাকতে ভালোবাসে।----- সত্য
১১. চডুইয়ের মতো চঞ্চল বুলবুলি।----- সত্য
১২. বুলবুলির মাথায় রাজীয় ঝুঁটি থাকে।----- সত্য
১৩. টুনটুনি পাখি খুব দ্রুত উড়তে পারে।----- মিথ্যা
১৪. পানির সঙ্গে সখ্যতা পানকৌড়ির।----- সত্য
১৫. পানকৌড়ি সাঁতরাতে পারে তিন মিটার।----- সত্য
১৬. টুনটুনি পায়ের পাতা হাঁসের মত।----- মিথ্যা
১৭. পানকৌড়ির আছে তীক্ষ্ণ আর ঝাঁকানো ঠোঁট।----- সত্য
১৮. শালিক জলজ কীটপতঙ্গ খেতে ভালোবাসে।----- মিথ্যা
১৯. পাখিরা মানুষের বন্ধু।----- সত্য
২০. পাখিরা সব সময় অপকারী।----- মিথ্যা

উত্তরপত্র/ লেকচার-৫ (১৮.৭.২০)

ক) বিপরীত শব্দ লিখ।

মূল শব্দ	বিপরীত শব্দ
শুরু	শেষ
ঘুম	জাগরণ
প্রধান	অপ্রধান
স্থানীয়	অস্থানীয়
অগভীর	গভীর
বাঁকা	সোজা
আনন্দ	নিরানন্দ
ইচ্ছে	অনিচ্ছে
চেনা	অচেনা
পরিচিত	অপরিচিত
প্রিয়	অপ্রিয়
মুক্তি	বন্দি
দেশ	বিদেশ
অনেক	অল্প
মধুর	অমধুর
শুকনো	ভেজা
পছন্দ	অপছন্দ

খ) এক কথায় প্রকাশ লিখ।

মূলশব্দ	এক কথায় প্রকাশ
রাতে বিচরণ করে যে প্রাণী	নিশাচর
এক জায়গায় থেকে অন্য জায়গায় ঘুরে বেড়ানো	বিচরণ
উপরের দিকে মুখ যার	উর্ধ্বমুখী
গভীর নয় এমন	অগভীর
জন মানুষ নেই যেখানে	নির্জন
বাগড়া করতে যে পছন্দ করে	কলহপ্রিয়
অত্যন্ত জাঁকজমকপূর্ণ	রাজকীয়

গ) সমার্থক শব্দ লিখ।

প্রদত্ত শব্দ	সমার্থক শব্দ
ইচ্ছা	সাধ, কামনা, বাসনা
ভাই	ভ্রাতা, দাদা, সহোদর
বন্ধু	মিত্র, সুহৃদ, হিতৈষী

Class: চতুর্থ শ্রেণি

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)

Subject: বাংলা ১ম

Topic: পাখির জগৎ

ঘ) বামপাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিলিয়ে পূর্ণাঙ্গ বাক্যাগুলো তৈরি কর।

বাম	ডান
১. পানকৌড়ি	ক) দ্রুত উড়তে পারে।
২. চডুই	খ) শিকড় বাকড় দিয়ে বাসা বানায়।
৩. বুলবুলি	গ) লেজ নাড়িয়ে টুই টুই শব্দ করে উড়ে বেড়ায়।
৪. টুনটুনি	ঘ) লোকালয় এদের প্রিয় জায়গা।
৫. দোয়েল	ঙ) পানিতে বেশি সময় থাকে।

উত্তর: (১+ঙ), (২+ঘ), (৩+ক), (৪+গ), (৫+খ)

ঘ) সঠিক উত্তর দাও।

১. কাদের ভোরের দূত বলা হয়?

ক) কুকুরদের

গ) বিড়ালদের

খ) শিয়ালদের

ঘ) পাখিদের

২. গাছে গাছে ঝোপ ঝাড়ে নদীর তীরে পাখিদের _____.

ক) আবাসস্থল

গ) বিচরণ

খ) বিশ্রামাগার

ঘ) খাওয়া-দাওয়া

৩. তারা খাবারের জন্য কার ওপর ঝাঁপিয়ে পড়ে?

ক) পুকুর

গ) বিল

খ) খাল

ঘ) পোকামাকড়

৪. আমাদের জাতীয় পাখি কোনটি?

ক) চডুই

গ) দোয়েল

খ) বুলবুলি

ঘ) শালিক

৫. সাদা -কালো গায়ের রং কোন পাখির ?

ক) শালিক

গ) দোয়েল

খ) বুলবুলি

ঘ) পানকৌড়ি

৬. দোয়েল কোথায় মধুর সুরে গান করে?

ক) খাচার ভিতরে

গ) গাছের উচু ডালে

খ) ঝোপে-ঝাড়ে

ঘ) ঘরের ভেতরে

৭. দোয়েল কি দিয়ে বাসা তৈরি করে?

ক) শুকনো ঘাস

গ) শিকড় বাকড়

খ) শকনো পাতা

ঘ) কোনটিই না

৮. দোয়েল প্রধান খাদ্য কি?

ক) ফুলের মধু

গ) শস্যদানা

খ) কচি পাতা

ঘ) মাছ

৯. দোয়েলে মত আরেকটি ছোট পাখি-

ক) শালিক

গ) আবাবিল

খ) বাঁশপতি

ঘ) চডুই

Class: চতুর্থ শ্রেণি

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)

Subject: বাংলা ১ম

Topic: পাখির জগৎ

১০. _____ আমাদের ঘরের বউ?

ক) চডুই

খ) বুলবুলি

গ) শালিক

ঘ) আবাবিল

১১. চডুই পাখির প্রিয় জায়গা কোনটি?

ক) বন

খ) স্কুলঘর

গ) লোকালয়

ঘ) আস্তবল

১২. বাসাবাড়ির কোন জায়গায় চডুই বাসা তৈরি করে?

ক) জানালয়

খ) ঘুলঘুলিতে

গ) দরজায়

ঘ) বিছানায়

১৩. কারা ফসলের শত্রু নাশ করে?

ক) বাঁশপাতি

খ) আবাবিল

গ) পানকৌড়ি

ঘ) চডুই

১৪. চডুই পাখির প্রিয় খাদ্য কি?

ক) ফুলের মধু

খ) কীটপতঙ্গ

গ) শস্যদানা

ঘ) পোকামাড়

১৫. টুনটুনি পাখি আকারে দেখতে কেমন?

ক) মাঝারি

খ) বড়

গ) কিঞ্চৎ ছোট

ঘ) ছোট

১৬. _____ রং জলপাই সবুজ।

ক) পালকের

খ) পিঠের

গ) ঠোঁটের

ঘ) পায়ের

১৭. টুনটুনি কোথায় লালচে রঙের ছোপ?

ক) লেজে

খ) মাথায়

গ) পায়ে

ঘ) নখে

১৮. টুনটুনি কি নাড়িয়ে ঘুরে বেড়ায়?

ক) মাথা

খ) পালক

গ) লেজ

ঘ) পা

১৯. কোন পাখি মানুষের কাছাকাছি থাকতে ভালোবাসে?

ক) দোয়েল

খ) চডুই

গ) বুলবুলি

ঘ) টুনটুনি

২০. পাখিরা পোকামাকড় খেয়ে _____ সুন্দর রাখে?

ক) বাসবাড়ি

খ) পরিবেশ

গ) উঠান

ঘ) আঙিনা

Class: চতুর্থ শ্রেণি

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)

Subject: বাংলা ১ম

Topic: পাখির জগৎ

২১. টুনটুনির সবচেয়ে প্রিয় খাবার কোনটি?

ক) কীটপতঙ্গ

খ) শস্যদানা

গ) ফুলের মধু

ঘ) মাছ

২২. চড়ুয়ের মত চঞ্চল স্বভাবের পাখি কোনটি?

ক) দোয়েল

খ) টুনটুনি

গ) শালিক

ঘ) বুলবুলি

২৩. কোন পাখির মাথা ও গলা কালো?

ক) দোয়েল

খ) বুলবুলির

গ) আবাবিল

ঘ) শালিকের

২৪. বুলবুলির _____ উপর রাজকীয় ঝুঁটি।

ক) পালকের

খ) মাথার

গ) ডানার

ঘ) পিঠের

২৫. বুলবুলির তলপেটের শেষে কি দেখা যায়?

ক) লাল ছোপ

খ) লাল ঝুঁটি

গ) লাল লেজ

ঘ) খ ও গ

২৬. কোন পাখি খুব দ্রুত উড়তে পারে?

ক) পানকৌড়ি

খ) বুলবুলি

গ) বাঁশপাতি

ঘ) আবাবিল

২৭. পানকৌড়ির কিসের সঙ্গে সখ্য?

ক) পাতার সঙ্গে

খ) ডালপালার সঙ্গে

গ) পাখির সঙ্গে

ঘ) পানির সঙ্গে

২৮. পুকুর, খাল, বিলে কার বিচরণক্ষেত্র?

ক) আবাবিল

খ) বাঁশপাতি

গ) পানকৌড়ির

ঘ) বুলবুলি

২৯. কুচকুচে কালো এই _____ সাঁতরাতে পারে।

ক) মাছ

খ) পাখি

গ) মানুষ

ঘ) হাঁস

Class: চতুর্থ শ্রেণি

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)

Subject: বাংলা ১ম

Topic: পাখির জগৎ

২৯. পানকৌড়ির কি হাঁসের মত?

ক) ঠোঁট

খ) মাথা

গ) পায়ের পাতা

ঘ) লেজ

৩০. পানকৌড়ির _____ তীক্ষ্ণ আর বাঁকানো।

ক) পালক

খ) ডানা

গ) লেজ

ঘ) ঠোঁট

৩১. কোন পাখি জলজ কীটপতঙ্গ খেতে ভালবাসে?

ক) চডুই

খ) বুলবুলি

গ) পানকৌড়ি

ঘ) শালিক

৩২. পাখিরা মানুষের

ক) সহযোগী

খ) প্রতিযোগী

গ) বন্ধু

ঘ) শত্রু

৩৩. পাখিরা পরিবেশকে _____

ক) নষ্টকরে

খ) সুন্দর করে

ঘ) দূষন করে

গ) সবুজ রাখে

৩৪. 'সখ্য' মানে কি?

ক) শত্রুতা

খ) হিংসা

গ) বন্ধুত্ব

ঘ) মারামা

Assessment Date: 22.7.20

- অনিচ্ছাকৃত কোন ভুল হলে ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন। প্রয়োজনে বিষয় শিক্ষকের সাথে যোগাযোগ করার অনুরোধ রইল।

